# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৫৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১৮) কবর যিয়ারত করা প্রসঙ্গে বর্ণনা - পুরুষদের জন্য মৃত ব্যক্তির কবর যিয়ারত করা বৈধ

## 18 ـ فَصْلٌ فِي زِيَارَةِ الْقُبُورِ ـ ذكر الإباحة للرجل زيارة قبور الأموات

আরবী

3158 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ الْقَطَّانِ قَالَ: حَدَّثَنَا حَكِيمُ بْنُ سَيْفٍ الرَّقِّيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَدٍ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي نَهَيْتُكُمْ عَنْ ثَلَاثٍ عَنْ زِيَارَةِ الْقُبُورِ وَعَنْ لُحُومِ الْأَضَاحِي أَنْ تُمْسِكُوهَا فَوْقَ ثَلَاثَةِ أَيَّامٍ وَعَنِ الظُّرُوفِ إِلَّا مَا كَانَ فِي سِقَاءٍ وَقَدْ رُخِّصَ لِمُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي زِيَارَةِ قَبْرِ أُمِّهِ وَإِنَّمَا نَهَيْتُكُمْ عَنْ أَنْ تُمْسِكُوا لُحُومَ الْأَضَاحِي فَوْقَ ثَلَاثَةِ أَيَّامٍ لِيُوَسِّعَ ذُو السَّعَةِ مِنْكُمْ عَلَى مَنْ لَمْ يُضَحِّ وَنَهَيْتُكُمْ عَنِ الظُّرُوفِ إِلَّا مَا كَانَ مِنْ سِقَاءٍ فَلَا يُحِلُّ ظَرْفٌ شيئاً ولا يحرِّمه)

الراوي : بُرَيْدَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3158 | خلاصة حكم المحدث: صحيح ـ ((أحكام الجنائز)) (ص 228): م.

বাংলা

৩১৫৮. বুরাইদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আমি তোমাদেরকে তিনটি জিনিস থেকে নিষেধ করেছিলাম; কবর যিয়ারত করতে, কুরবানীর গোসত তিনদিনের বেশি না রাখতে এবং পানপাত্র ছাড়া নির্দিষ্ট কিছু পাত্র ব্যবহার করতে। আর এখন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে তাঁর মায়ের কবর যিয়ারত করার অনুমতি দেওয়া হয়েছে। আমি তোমাদেরকে নিষেধ করেছিলাম তিনদিনের বেশি কুরবানীর গোসত না রাখতে, যাতে স্বচ্ছল ব্যক্তিরা কুরবানীর গোসত তাদের দিতে পারে, যারা কুরবানী করেনি। পানপাত্র ছাড়া নির্দিষ্ট কিছু পাত্র ব্যবহার করতে নিষেধ করেছিলাম। জেনে রাখ, পাত্র কোন

কিছুকে হালাল করতে পারে না, হারামও করতে পারে না।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৭৭; তিরমিযী: ১০৫৪; আত তায়ালিসী: ৮০৭; হাকিম: ১/৩৭৫; মুসনাদ আহমাদ: ৫/২৫৯; আবূ দাঊদ: ৩২৩৫; সুনান বাইহাকী: ৪/৭৬; বাগাবী: ১৫৫৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৪২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৭০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ২২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92488

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন